**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২০/২০১৭**

**ঢাকা, বুধবার ২৫ জানুয়ারি ২০১৭, ১২ মাঘ ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জঙ্গি এবং মাদকের বিরুদ্ধে জনমত ও প্রতিরোধ গড়ে তুলুন

: ছাত্রলীগের পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

২। সন্ত্রাস-জঙ্গিবাদের বিরুদ্ধে লড়াইয়ে জনসম্পৃক্ততা বাড়ান : পুলিশ বাহিনীর প্রতি প্রধানমন্ত্রী

৩। রাষ্ট্রপতির সঙ্গে ইন্দোনেশিয়ার বিদায়ী রাষ্ট্রদূতের সাক্ষাৎ

৪। ১৫ শতাংশ হার রেখেই নতুন ভ্যাট আইন বাস্তবায়ন করা হবে : অর্থমন্ত্রী

৫। স্মার্টকার্ড এনআইডি বিতরণ ডিসেম্বরে শেষ হবে : আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী

৬। চাঁদাবাজির অভিযোগ পাওয়া গেলে পুলিশের বিরুদ্ধে ব্যবস্থা : স্বরাষ্ট্রমন্ত্রী

৭। রাজধানীর মশা নিধনে ৩৮ কোটি টাকা বরাদ্দ : স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী

৮। বরেন্দ্র অঞ্চলের কৃষির চিত্র বদলে যাচ্ছে পাতকুয়া প্রযুক্তিতে

: ৪৭ কোটি টাকা ব্যয়ে ৪৫০ কুয়া খনন প্রকল্প গ্রহণ

৯। মালয়েশিয়ায় এক লাখ বাংলাদেশিকে দু 'বছর মেয়াদি স্মার্টকার্ড দেওয়া হচ্ছে

: পররাষ্ট্র প্রতিমন্ত্রী

১০। নবায়নযোগ্য জ্বালানি থেকে বিদ্যুৎ তৈরিতে বিনিয়োগ করুন

: বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী

১১। ফিলিস্তিনের প্রেসিডেন্ট ঢাকা আসছেন আগামী ১ ফেব্রুয়ারি

চলমান পাতা/২

**১।	জঙ্গি এবং মাদকের বিরুদ্ধে জনমত ও প্রতিরোধ গড়ে তুলুন : ছাত্রলীগের পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ত্রাস-জঙ্গিবাদ ও মাদকাসক্তের বিরুদ্ধে জনমত সৃষ্টি ও প্রতিরোধ গড়ে তোলার জন্য ছাত্রলীগের নেতাকর্মীদের নির্দেশ দিয়ে বলেছেন, বাংলাদেশের মাটিতে কোনো জঙ্গি-সন্ত্রাসীদের স্থান হবে না। এর সঙ্গে যারা জড়িত হবে তাদের বিরুদ্ধেই কঠোর ব্যবস্থা নেওয়া হবে। যারা তরুণ সমাজকে বিভ্রান্ত করে বিপথে চালিত করছে তাদেরও বিচার হবে। আর একাত্তরের যুদ্ধাপরাধী, গণহত্যাকারীদের যারা মদদ দেয়, যারা লাখো শহিদদের রক্তস্নাত জাতীয় পতাকা তাদের হাতে তুলে দিয়েছিল, বাংলার মাটিতে তাদেরও বিচার হতেই হবে। গতকাল ২৪ জানুয়ারি মঙ্গলবার রাজধানীর ঐতিহাসিক সোহরাওয়ার্দী উদ্যানে ছাত্রলীগের ৬৯তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.১)।

**সমকাল, জনকণ্ঠ, ভোরের কাগজ, ইত্তেফাক, প্রথম আলো, এশিয়ান এজ ,অবজারভার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২।	সন্ত্রাস-জঙ্গিবাদের বিরুদ্ধে লড়াইয়ে জনসম্পৃক্ততা বাড়ান : পুলিশ বাহিনীর প্রতি প্রধানমন্ত্রী**

জনগণই তার মূল শক্তি আখ্যায়িত করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে লড়াইয়ে জনসম্পৃক্ততা বাড়ানোর জন্য পুলিশ বাহিনীর সদস্যদের প্রতি নির্দেশ দিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, জনগণ আমাদের সঙ্গে আছে, জনগণের শক্তিই আমাদের মূল শক্তি। সুতরাং আপনাদের ওপর জনগণের আস্থাকে বাড়াতে হবে এবং যে কোনো পরিস্থিতি মোকাবিলায় বিশেষ করে সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে লাড়াইয়ে আরও অধিক জনগণকে সম্পৃক্ত করতে হবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল ২৪ জানুয়ারি মঙ্গলবার তার তেজগাঁও কার্যালয়ে পুলিশ সপ্তাহ-২০১৭ উপলক্ষে উর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের উদ্দেশে একথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.৩,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭)।

**ভোরের কাগজ, ইনকিলাব, বাংলাদেশ টুডে, ইন্ডিপেনডেন্ট**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৩।	রাষ্ট্রপতির সঙ্গে ইন্দোনেশিয়ার বিদায়ী রাষ্ট্রদূতের সাক্ষাৎ**

রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে বিদায়ী সাক্ষাৎ করেছেন ইন্দোনেশিয়ার রাষ্ট্রদূত আইওয়ান বিরানাতা আতমাদজা। গতকাল ২৪ জানুয়ারি মঙ্গলবার ইন্দোনেশিয়ার বিদায়ী রাষ্ট্রদূত বঙ্গভবনে যান বলে জানিয়েছেন রাষ্ট্রপতির প্রেস সচিব মো. জয়নাল আবেদিন। তিনি বলেন, সাক্ষাতের সময় রাষ্ট্রপতি উপস্থিত বিদায়ী দূতকে সাফল্যের সঙ্গে দায়িত্ব পালনের জন্য ধন্যবাদ জানান। রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশ ইন্দোনেশিয়ার মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক অত্যন্ত চমৎকার। রাষ্ট্রপতি আশা করেন, ভবিষ্যতে বাণিজ্য বিনিয়োগসহ বিভিন্ন ইস্যুতে দুই দেশের সম্পর্ক আরও সম্প্রসারিত হবে। সাক্ষাতের সময় বিদায়ী দূত বাংলাদেশের দায়িত্ব পালনকালে সহযোগিতার জন্য রাষ্ট্রপতির প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **প্রথম আলো** (পৃ.২,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৭)।

**৪।	১৫ শতাংশ হার রেখেই নতুন ভ্যাট আইন বাস্তবায়ন করা হবে : অর্থমন্ত্রী**

মূল্য সংযোজন কর (ভ্যাট) হার ৭ শতাংশ নির্ধারণে ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই যে দাবি করেছে, তা আবারও নাকচ করে দিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, ভ্যাটের হার হবে একই এবং তা হবে ১৫ শতাংশ। আগামী অর্থবছরের ১ জুলাই থেকে নতুন ভ্যাট আইন কার্যকর হবে বলে জানান তিনি। গতকাল ২৪ জানুয়ারি মঙ্গলবার সচিবালয়ে তার দপ্তরে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এ কথা বলেন অর্থমন্ত্রী। তিনি জানান, ভ্যাটের বিষয়ে তার অবস্থানের কোনো পরিবর্তন হয়নি। ১৫ শতাংশ হার রেখেই নতুন ভ্যাট আইন বাস্তবায়ন করা হবে। আইনটি কার্যকর হলে তখন উল্লিখিত হারে ভ্যাট দিতে অভ্যস্ত হবেন ব্যবসায়ীরা। তার মতে, 'অভিন্ন' হার থাকা ভালো। এতে উপকৃত হবেন ব্যবসায়ীরা। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২), **নিউ এজ** (পৃ.১,ক.২)।

**৫।	স্মার্টকার্ড এনআইডি বিতরণ ডিসেম্বরে শেষ হবে : আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী**

স্মার্টকার্ড জাতীয় পরিচয়পত্র (এনআইডি) বিতরণ কার্যক্রম আগামী ডিসেম্বরের মধ্যে শেষ হবে বলে আশা প্রকাশ করেছেন আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হক। তিনি জানান গত ২ অক্টোবর থেকে স্মার্ট এন আইডি বিতরণ শুরু হয়। পর্যায়ক্রমে নিবন্ধিত ৯ কোটি ভোটারের মধ্যে এই পরিচয়পত্র বিতরণ করা হবে। গতকাল

২৪ জানুয়ারি মঙ্গলবার জাতীয় সংসদ অধিবেশনে প্রশ্নোত্তর পর্বে তিনি এ তথ্য জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৮), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৫)।

চলমান পাতা/৩

**৬। চাঁদাবাজির অভিযোগ পাওয়া গেলে পুলিশের বিরুদ্ধে ব্যবস্থা : স্বরাষ্ট্রমন্ত্রী**

ট্রাক ও কাভার্ড ভ্যানসহ পণ্য পরিবহণ করা বিভিন্ন যান থেকে চাঁদা তোলার সুনির্দিষ্ট অভিযোগ পাওয়া গেলে দায়ী পুলিশ সদস্যদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। এছাড়া মহাসড়কগুলোতে অতিরিক্ত পণ্যবাহী পরিবহণ কোনোভাবেই চলতে দেওয়া হবে না বলেও জানান তিনি। গতকাল ২৪ জানুয়ারি মঙ্গলবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সভাকক্ষে পণ্য পরিবহণ মালিক শ্রমিক ঐক্যপরিষদের সঙ্গে এক বৈঠকে এই হুঁশিয়ারি দেন তিনি। মন্ত্রীর এই আশ্বাসের ফলে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ২১ জেলায় পরিবহন ধর্মঘট প্রত্যাহারের ঘোষণা দেন পণ্য পরিবহণ মালিক শ্রমিক ঐক্যপরিষদ। বৈঠকে নৌ পরিবহণমন্ত্রী শাজাহান খান, সড়ক পরিবহণ শ্রমিক ফেডারেশনের কার্যকরী সভাপতি ও স্থানীয় সরকার প্রতিমন্ত্রী মশিউর রহমান রাঙ্গা ও পরিবহন মালিক সমিতির মহাসচিব খন্দকার এনায়েত উল্লাহসহ বিভিন্ন মালিক ও শ্রমিকরা উপস্থিত ছিলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **সমকাল** (শেষ পৃ.,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.২)।

**৭। রাজধানীর মশা নিধনে ৩৮ কোটি টাকা বরাদ্দ : স্থানীয় সরকার মন্ত্রী**

ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনে মশা নিধনে চলতি অর্থবছরে ৩৭ কোটি ৭৫ লাখ টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। গতকাল ২৪ জানুয়ারি মঙ্গলবার জাতীয় সংসদে ভোলা-৩ আসনের সরকার দলীয় সংসদ সদস্য নুরুন্নবী চৌধুরী শাওনের এক প্রশ্নের জবাবে স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন সংসদকে এ তথ্য জানান। তিনি জানান চলতি (২০১৬-১৭) অর্থবছর ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মশক নিধনে ২৬ কোটি ২৫ লাখ টাকা এবং দক্ষিণ সিটি কর্পোরেশনে ১১ কোটি ৫০ লাখ টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **ইনকিলাব** (পৃ.৩,ক.৬)।

**৮। বরেন্দ্র অঞ্চলের কৃষির চিত্র বদলে যাচ্ছে পাতকুয়া প্রযুক্তিতে**
**: ৪৭ কোটি টাকা ব্যয়ে ৪৫০ কুয়া খনন প্রকল্প গ্রহণ**

একটি উদ্ভাবনী প্রযুক্তি বদলে দিচ্ছে উত্তরবঙ্গের বরেন্দ্র অঞ্চলের কৃষির চিত্র। স্বল্প পানি খরচে অধিক ফসল আবাদের এ প্রযুক্তিটি এই অঞ্চলের কৃষকদের জন্য আশীর্বাদ হয়ে এসেছে। কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরীর উদ্ভাবনীমূলক চিন্তা থেকে এ প্রযুক্তিটি উদ্ভাবন করা হয়েছে। বহুমুখী ফসল উৎপাদনে সেচকাজের এ প্রযুক্তির নাম দেওয়া হয়েছে পাতকুয়া প্রযুক্তি। পরীক্ষামূলকভাবে খননকৃত ছয়টি পাতকুয়া সফলতার পর পুরো বরেন্দ্র অঞ্চলে এ প্রযুক্তিটি ছড়িয়ে দিতে ৪৭ কোটি টাকার ৪৫০ টাকা কুয়া খনন করার একটি প্রকল্প নেওয়া হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৩)।

**৯। মালয়েশিয়ায় এক লাখ বাংলাদেশিকে দু 'বছর মেয়াদি স্মার্টকার্ড দেওয়া হচ্ছে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী**

পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম বলেছেন, বর্তমানে মালয়েশিয়ায় অবস্থানরত এক লাখ বাংলাদেশি নাগরিককে দুই বছর মেয়াদি একটি স্মার্টকার্ড দিয়ে বৈধ করা হচ্ছে। তারা দুই বছর পর্যন্ত সেখানে কাজ করার সুযোগ পাবে এবং মেয়াদ শেষে দেশে ফিরে পুনরায় আবার মালয়েশিয়া যেতে পারবেন বলে তিনি জানিয়েছেন। গতকাল ২৪ জানুয়ারি মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে সিনেট ভবন মিলনায়তনে প্রবাসীদের কর্মজীবনের অভিজ্ঞতা সম্পর্কে একটি গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **সমকাল** (পৃ.১৯,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**১০। নবায়নযোগ্য জ্বালানি থেকে বিদ্যুৎ তৈরিতে বিনিয়োগ করুন : বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, নবায়নযোগ্য জ্বালানির সম্ভাবনাময় উৎস থেকে দ্রুত বিদ্যুৎ উৎপাদনের উদ্যোগ অব্যাহত রাখা হবে। কারণ এ প্রক্রিয়ায় বিদ্যুৎ উৎপাদন খরচ অনেক কম। টেকসই প্রযুক্তি দ্রুত এ খাতের প্রসার ঘটাবে। বেসরকারি উদ্যোক্তাদের এ খাতে বিনিয়োগে এগিয়ে আসতে হবে। গতকাল ২৪ জানুয়ারি মঙ্গলবার বিদ্যুৎ ভবনে বিদ্যুৎ বিভাগের আওতায় নবায়নযোগ্য জ্বালানির (সৌর, বায়ু, পানি বিদ্যুৎ) ওপর গৃহীত প্রকল্পগুলোর অগ্রগতি পর্যালোচনা সভায় তিনি এ আহবান জানান। প্রতিমন্ত্রী বলেন, নানা প্রকল্পের অনুমোদন দেওয়া হচ্ছে কিন্তু কোনো টাইমলাইন নেই। পাওয়ার পার্সেস এগ্রিমেন্ট একটি নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করতে হবে। না পারলে প্রকল্প বাতিল করার উদ্যোগ নিতে হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৪), **ইনকিলাব (পৃ.১,ক.৬), ডেইলি সান** (পৃ.১৬,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**১১। ফিলিস্তিনের প্রেসিডেন্ট ঢাকা আসছেন আগামী ১ ফেব্রুয়ারি**

ফিলিস্তিনের প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস আগামী ১ ফেব্রুয়ারি তিন দিনের সফরে ঢাকা আসছেন। সফরকালে তিনি রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের সঙ্গে সাক্ষাৎ করবেন। এ ছাড়া তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গেও বৈঠক করবেন। ১৯৯৭ সালে ফিলিস্তিনের অবিসংবাদিত নেতা ইয়াসির আরাফাতের পর এই প্রথম কোনো ফিলিস্তিনি প্রেসিডেন্ট ঢাকা সফরে আসছেন। পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্র জানায়, সফরে বাংলাদেশ ও ফিলিস্তিনের মধ্যে কয়েকটি সমঝোতা স্মারক ও

চুক্তি স্বাক্ষরের সম্ভাবনা রয়েছে। এর মধ্যে গুরুত্বপূর্ণ হচ্ছে দু'দেশের মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.১)।

চলমান পাতা/৪

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** ফসল উৎপাদনে ক্ষতিকর রাসায়নিক সার ও কীটনাশকের ব্যবহার বন্ধ করে জৈব কৃষি সম্প্রসারণের প্রচেষ্টা জোরদার করার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ, ডেইলি স্টার, নিউ এজ :** নির্যাতন ও পুলিশ হেফাজতে মৃত্যু আইন বাতিলে প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ চাওয়ার পুলিশের দাবিটি গ্রহণযোগ্য নয় বলে অভিমত প্রকাশ করে পুলিশকে এ বিষয়ে সতর্ক থাকার আহ্বান।

গ. **প্রথম আলো, ভোরের কাগজ, ডেইলি স্টার :** সিলেটের কোম্পানীগঞ্জ উপজেলার শাহ আরেফিন টিলা কাটার সময় টিলা ধসে ৬ জনের প্রাণহানির ঘটনা তুলে ধরে জড়িতদের বিরুদ্ধে কড়া আইনি ব্যবস্থা নেওয়াসহ টিলা কাটা বন্ধে সরকারকে কঠোর অবস্থান নেওয়ার সুপারিশ।

ঘ. **সমকাল :** পটুয়াখালী শহরে 'বাণিজ্য মেলা'র নামে চলা জুয়ার আসর ও অনাচার অবিলম্বে বন্ধ করার আহ্বান।

ঙ. **যুগান্তর :** জলবায়ু তহবিল বরাদ্দ দেওয়ার ও ব্যয়ের পথের সব ধরনের দুর্নীতি ও অনিয়ম রোধ করে স্বচ্ছতা নিশ্চিত করার সুপারিশ।

চ. **ইনকিলাব :** কিশোর অপরাধের কারণগুলোর দিকে নজর দিয়ে সামাজিক ও রাজনৈতিক নিরাপত্তার গুরুত্ব অনুধাবন করে সরকারকে এ বিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** প্রতিটি উপজেলায় টেকনিক্যাল ট্রেনিং সেন্টার স্থাপনের দ্বারা দেশের বেকার যুব সম্প্রদায়কে দক্ষ ও অভিজ্ঞ জনসম্পদে পরিণত করে বিদেশে ও দেশে তাদের কর্মসংস্থানের ব্যবস্থা করতে সরকারি বিভিন্ন সংস্থাসহ সামাজিক সেবা প্রতিষ্ঠানকে এগিয়ে আসার আহ্বান।

জ. **ডেইলি সান :** বাংলাদেশ টেকনিক্যাল এডুকেশন বোর্ডে যারা টাকার বিনিময়ে নকল সার্টিফিকেট প্রদানের কাজে জড়িত, তাদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়াসহ অন্যান্য বোর্ড ও সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের পরিদর্শনের ব্যবস্থা করার সুপারিশ।

ঝ. **নিউ এজ :** পর্যাপ্ত জনবল থাকা সত্ত্বেও বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের (বিসিএসআইআর) গবেষণা কার্যক্রম তেমন আশানুরূপ না হওয়ায় সরকারকে দ্রুত এ সংস্থার পলিসি পুনমূল্যায়ন করে ব্যবস্থা নেওয়ার আহ্বান।

ঞ. **ফিনানসিয়াল এক্সপ্রেস, নিউ নেশন :** মধ্যপ্রাচ্য ও উপসাগরীয় অঞ্চলের দেশ থেকে হুণ্ডির পরিবর্তে বৈধ পথে প্রবাসীদের দেশে অর্থ পাঠাতে আগ্রহী ও বিশ্বাসী করে তুলতে কেন্দ্রীয় ব্যাংককে অতিদ্রুত জোরালো উদ্যোগ নেওয়ার আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ করেছে ।

## উপ-সম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে আগামী দিনের মানবিক প্রজন্ম গড়ার স্বার্থে এখনই মানবিক ও নৈতিক চেতনাসমৃদ্ধ শিশুপাঠ্য বই উদ্ভাবন করতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'মাদকের নেশা : সমাজ জীবনে বিপর্যয়'** শিরোনামের নিবন্ধে আফতাব চৌধুরী ড্রাগ কেবল ব্যক্তি জীবন নয়, সমাজ এবং বিশ্বজীবনেও ডেকে আনে বিপর্যয় বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৬/৯.০০ ঘণ্টা